

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রিজিওনাল প্ল্যানিং  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.৩৬

তারিখ: ৩০ মার্চ ১৪২৯

১৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ঢাকা সড়ক জোনের আওতাধীন "জরাজীর্ণ, অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন প্রকল্প (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের লক্ষ্যে কেরানীগঞ্জ ও সাভার উপজেলার বিভিন্ন মৌজায় ৪.৭৬৯৫ একর জমি অধিগ্রহণ প্রসঙ্গে

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং-৩৫.০১.২৬০০.৪১২.১৯.০০১.২০-৩২২৩, তারিখঃ ০৮/০৮/২০২২

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিস্ট হইয়া জানানো যাচ্ছে যে, ঢাকা সড়ক জোনের আওতাধীন "জরাজীর্ণ, অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন প্রকল্প (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের লক্ষ্যে কেরানীগঞ্জ ও সাভার উপজেলার বিভিন্ন মৌজায় ৪.৭৬৯৫ একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্র চেয়ে আবেদন করেছেন। আবেদনকৃত জমির তফসিল নিম্নরূপঃ

জেলা	উপজেলা	মৌজার নাম	জে এল নাম্বার	জমির পরিমাণ
ঢাকা	কেরানীগঞ্জ	জগন্নাথপুর	০৪	৪.৭৬৯৫ একর
		মানিকনগর	০৫	
		হযরতপুর	০৩	
		বড় মনোহরিয়া	৩৭	
		আটি	৪৩	
		ঘাটারচর	৪০	
	সাভার	তুরাগ	২৩১	
		বিলামালিয়া	২৩২	

বিস্তারিত তফসিল সংযুক্তিতে দেওয়া হয়েছে। উক্ত আবেদন প্রক্রিয়াকরণের জন্য সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় কেরানীগঞ্জ উপজেলার ঘাটারচর মৌজায় প্রস্তাবিত স্থানে কয়েকটি কাচা এবং পাকা দোকান, সাভার উপজেলার তুরাগ মৌজার প্রস্তাবিত স্থানে ৪টি দোকান রয়েছে। এছাড়া প্রস্তাবিত বাকি মৌজার স্থানগুলোতে কিছু বিদ্যুতের খুঁটি রয়েছে। প্রত্যাশী সংস্থা কর্তৃক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র সরবরাহ করেছে। উল্লেখ্য যে, প্রস্তাবিত স্থানগুলোতে বর্তমানে বেইলি সেতু রয়েছে।

এমতাবস্থায় প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে জনস্বার্থে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত এলাকা অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তিপত্র প্রদান করা হলোঃ

১। উক্ত এলাকায় স্থাপনা নির্মাণকালে পানির স্বাভাবিক প্রবাহ/ ড্রেনেজ ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করা যাবে না।

- ২। প্রস্তাবিত এলাকার অন্তর্গত কোনো খাস জমি দখলে নেওয়া যাবে না।
- ৩। ব্রীজ সংলগ্ন নদীর কোনো অংশে স্থাপনা নির্মাণ পূর্বক আর এস মৌজা ম্যাপে উল্লেখিত নদী ছোট করা যাবে না।
- ৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের গেজেটকৃত নতুন ডিটেইল্ড এরিয়া প্ল্যানের প্রস্তাবনার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ৫। নৌপরিবহন মন্ত্রণালয় এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিধি মোতাবেক নৌযান চলাচলের ক্লিয়ারেন্স রেখে ব্রীজ নির্মাণ করতে হবে।

সংযুক্তিঃ

- ১। পরিদর্শন প্রতিবেদন।
- ২। প্রস্তাবিত এলাকার বিস্তারিত তফসিল।
- ৩। গুগল ইমেজের উপর এলাকা চিহ্নিত রঞ্জিন ম্যাপ।
- ৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।

১৩-২-২০২৩

কাজী মোঃ ফজলুল হক

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৫২২৮১

ইমেইল: fhaq321@yahoo.com

মোঃ শামীম আল মামুন, নির্বাহী প্রকৌশলী  
সড়ক ও জনপথ, ঢাকা সড়ক বিভাগ, বনানী ঢাকা

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.৩৬/১(৭)

তারিখ: ৩০ মাঘ ১৪২৯  
১৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের APA প্রতিবেদনের জন্য)
- ৫) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের ওয়েবে আপলোডের অনুরোধ সহ)
- ৬) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

১৩-২-২০২৩

ইসরাত জাহান

প্ল্যানার